## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্ত প্রতি লাইন ।৵৹ আনা, এক মাসের জন্ত প্রতি লাইন প্রতি বার ।৹ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা

নগদ মূল্য ৴৹ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ



Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

*পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ*

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৪৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৫শে বৈশাখ বুধবার ১৩৬৪ বংরাজী 8th. May 1957 { ৪৯শ সংখ্যা।

১৮ই বৈশাখ, ১৮৭৯ শকাব্দ






হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

## চা! চা!! চা!!!

দার্জ্জিলিং, আসাম ও ডুয়ার্সের ভাল চা পেতে হ'লে চা-সংসদে আসুন। রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুরের

***একমাত্র বিশ্বস্ত প্রতিষ্ঠান চা-সংসদ।***

চা-সংসদ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

## হ্যানিম্যান হল

### *মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম হোমিও প্রতিষ্ঠান*

এখানে দি মডার্ণ হোমিও রিসার্চ ইন্ষ্টিটিউট কোম্পানী কর্ত্তৃক আবিষ্কৃত যাবতীয় হোমিও ইন্জেকশান এবং পেটেণ্ট ঔষধ কোম্পানীর দরে বিক্রয় হয়। ব্যবহারে ফল সুনিশ্চিত। এই মাত্র বাহির হইল ডাঃ সতীশচন্দ্র সরকার মহাশয় কৃত হোমিও ও বাইওকেমিক মতে **"বসন্ত চিকিৎসা"** মূল্য মাত্র আট আনা। ডাক্তার শীলের হোমিও ইন্জেকশান ও পেটেণ্ট ঔষধ কোম্পানীর দরে বিক্রয় হয়।

*হ্যানিম্যান হল*

খাগড়া, মুর্শিদাবাদ।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৫শে বৈশাখ বুধবার সন ১৩৬৪ সাল।

# পশ্চিম বঙ্গের মন্ত্রিমণ্ডলী

—•—

গত ২৬শে এপ্রিল প্রাতঃকালে ১৩ জন মন্ত্রী, ৩ জন রাষ্ট্রমন্ত্রী এবং ১২ জন উপমন্ত্রী পশ্চিম বাংলার দার্জিলিং শৈল শিখরস্থিত লাটভবনের দরবার গৃহে বর্ত্তমান গবর্ণর শ্রীমতী পদ্মজা নাইডুর সমক্ষে শপথ গ্রহণ করিবেন—এই কথা থাকা সত্ত্বেও আইন মন্ত্রী শ্রীসিদ্ধার্থ রায় অনুপস্থিত থাকার জন্য তিনি বাদে বাকী ২৭ জন তাঁহাদের পদানুগত্যের ও মন্ত্রগুপ্তির শপথ গ্রহণ করেন। আইন মন্ত্রী মহাশয় পরে শপথ গ্রহণ করেন।

নিম্নে তাঁহাদের নাম ও দপ্তর উল্লেখ করা হইল।

## ক্যাবিনেট মন্ত্রী—

ডাঃ বিধানচন্দ্র রায়, মুখ্যমন্ত্রী—
স্বরাষ্ট্র (পুলিশ ও প্রতিরক্ষা বাদে), অর্থ, শিক্ষা, উন্নয়ন, সমবায়, কুটিরশিল্প।

শ্রীপ্রফুল্লচন্দ্র সেন—খাদ্য, সাহায্য, সরবরাহ ও উদ্বাস্তু সাহায্য ও পুনর্ব্বাসন।

শ্রীকালীপদ মুখার্জি—পুলিশ ও অসামরিক প্রতিরক্ষা।

শ্রীখগেন্দ্র দাশগুপ্ত—পূর্ত্ত ও গৃহ, বাসস্থান।

শ্রীঅজয় মুখার্জি—সেচ ও জলপথ।

শ্রীহেমচন্দ্র নস্কর—বন, মৎস্য ও পশুপালন।

শ্রীশ্যামাপ্রসাদ বর্ম্মণ—আবগারী।

ডাঃ আর, আমেদ—কৃষি, পশুপালন ও বন (বন ও মৎস্য বিভাগীয় বিষয় ব্যতীত)

শ্রীঈশ্বরদাস জালান—স্থানীয় স্বায়ত্তশাসন ও পঞ্চায়েৎ।

শ্রীবিমলচন্দ্র সিংহ—ভূমি ও ভূমি রাজস্ব।

শ্রীভূপতি মজুমদার—শিল্প ও বাণিজ্য।

শ্রীসিদ্ধার্থ রায়—বিচার, আইন ও উপজাতি কল্যাণ।

জনাব আব্দুস সাত্তার—শ্রম।

## রাষ্ট্রমন্ত্রী

শ্রীমতী পূরবী মুখার্জি—কারা, উদ্বাস্তু সাহায্য ও পুনর্ব্বাসন।

শ্রীতরুণকান্তি ঘোষ—উন্নয়ন, উদ্বাস্তু সাহায্য ও পুনর্ব্বাসন।

ডাঃ অনাথবন্ধু রায়—স্বাস্থ্য।

## উপমন্ত্রী

শ্রীসতীশচন্দ্র রায় সিংহ—পরিবহন।

শ্রীসৌরীন্দ্র মিশ্র—শিক্ষা।

তেনজিং ওয়াংসি—উপজাতি কল্যাণ।

শ্রীস্মরজিৎ ব্যানার্জি—কৃষি, পশুপালন ও বন।

শ্রীরজনীকান্ত প্রামাণিক—সাহায্য ও সরবরাহ।

শ্রীচিত্তরঞ্জন রায়—সরবরাহ, সমবায়।

সৈয়দ কাজেম আলি মির্জ্জা—কুটির ও ছোটখাট শিল্প।

ডাঃ জিয়াউল হক—স্বাস্থ্য

শ্রীমতী মায়া ব্যানার্জি—উদ্বাস্তু সাহায্য ও পুনর্ব্বাসন।

শ্রীচারুচন্দ্র মহান্তি—খাদ্য, সাহায্য ও সরবরাহ।

শ্রীজগন্নাথ কোলে—প্রচার।

শ্রীনরবাহাদুর গুরুং—শ্রম।

# মুখ্যমন্ত্রী ডাঃ রায় মহাশয়ের দুঃখ

এক সাংবাদিক বৈঠকে মুখ্যমন্ত্রী ডাঃ রায় আজ ভাষণ দিবার সময় বলেন—বাঙ্গালীদের মধ্যে আত্মবিশ্বাসের অভাব দেখিয়া তিনি অত্যন্ত দুঃখ বোধ করিয়াছেন। এই জন্য তিনি অত্যন্ত ব্যথিতও হইয়াছেন। আমরা তাঁহাকে সসম্মানে এই আশ্বাস দিতেছি—তিনি বাঙ্গালীকে যা মনে করিয়াছেন বাঙ্গালী ঠিক তা নয়। তিনি নিজমুখে প্রকাশ করিয়াছেন তাঁহার জন্মস্থান বিহারে, কর্ম্মস্থল বাঙ্গালায়। একজন বিহারবাসী যখন স্বাধীন ভারতের রাষ্ট্রপতির আসনে উপবিষ্ট তখন তিনি বাঙ্গালা-বিহার মার্জ্জারের ধূয়া তোলায়, এবং এই সংযুক্তিকে যখন নিখিল ভারত কংগ্রেস আশীর্ব্বাদ জানাইল, ভারতের প্রধান মন্ত্রী ডাঃ রায়ের এই উদ্যমের ভূয়সী প্রশংসা করিলেন তখন বাংলার বিহারজাত প্রধান মন্ত্রীর শ্রীচরণের কতকগুলি ভক্ত ভিন্ন এই কুপ্রস্তাবে "হাঁ" দিবার কুবুদ্ধি অধিকাংশ বাঙ্গালীরই হয় নাই। বাঙ্গালার দুমুঠো অন্নের কাঙ্গালী বাঙ্গালীর আত্মপ্রত্যয়ের জন্যই ডাঃ রায়কে পশ্চিম বাঙ্গলার দুই দুইটি উপনির্ব্বাচনে কংগ্রেসের বিপুল ভোটাধিক্যে পরাজয়ে বাঙ্গালীর আত্মবিশ্বাসের কাছে নতি স্বীকার করিতে হইয়াছে। পশ্চিম বাঙ্গলার প্রধান মন্ত্রী ডাঃ রায়ের বহু পুরাতন গর্জ্জন **ব্যালট বাক্সের পরীক্ষা দিবার স্পর্দ্ধাপূর্ণ উক্তির সত্যতা** দেখিয়াও কি বাঙ্গালীর আত্মপ্রত্যয়ে অভাব দেখিয়া দুঃখ বোধ হইতেছে! আজ যদি বাঙ্গালীর আত্মবিশ্বাস না থাকিত তাহা হইলে এই মন্ত্রিসভার শপথ গ্রহণ আজ দার্জিলিংয়ের শৈল শিখরে না হইয়া পাটলিপুত্রের কোনও ঐতিহাসিক পঞ্চশীলের পবিত্রস্থানে হইয়া বাঙ্গালার গৌরব ও সৌরভ বৃদ্ধি করিত।

ডাঃ রায়ের এখনও **কল্যাণীর** মত উপনগরী তৈরী করিয়া মহানগরীর ভিড় কমাইবার ঝোঁক বেশ আছে। তাঁহার মস্তিষ্কপ্রসূতা দুই রকমের কল্যাণী আছে—(১) মাছ ধরা জলযান ১নং, ২নং, ৩নং, ৪নং কল্যাণীর কথা এখনও সংবাদপত্রে দেখা যাইতেছে। আর স্থলের কল্যাণী নগরী। আমরা গরীব বাঙ্গালী আমাদের ১৩ তলা, ১৪ তলার কেরাণীখানা দেখার সাধ মিটিয়াছে। মুর্শিদাবাদ জেলার কান্দী অঞ্চলে আদর্শ গ্রাম তৈরীর সাধ মিটিতে বিলম্ব নাই। মাটির তলায় রেল তো বহু দিন "বাঙ্গালকে হাইকোর্ট দেখান"র মত সাধ পূর্ণ হইয়াছে। এখন সখ না মিটাইয়া ইংরাজী SHOCK (শক—ধাক্কা) এর হাতে রক্ষা করুন।

—•—

যখন নূতন মন্ত্রিসভার গঠন ও বণ্টন লইয়া কাগজে কাগজে স্বস্তি বাচন হইতেছে, তখন যাঁহার সমক্ষে মন্ত্রিগণ শপথ লইলেন তাঁহার লাটভবনে লক্ষ লক্ষ টাকা চুরির চোরের প্রশংসনীয় চাতুর্য্য বাহির হইয়া দেশকে নূতন আশায় আশান্বিত করিয়া তুলিয়াছে। যে মহানগরীর ভিড় কমাইবার

মতলব করিতেছেন, সেই মহানগরীর পৌরগৌরব কাউন্সিলারগণের "টিউব ওয়েল" কীর্ত্তিতে পিপাসাতুরের পিপাসা লজ্জা পাইয়া পলায়ন করিতে পথ খুঁজিতেছে। পৌরগৌরব কাউন্সিলার গা ঢাকা দিয়া লুকোচুরি খেলিতেছে। এ সময়ে নূতন নূতন চোর লইয়া পরিকল্পনার ব্যপদেশে চুরিকল্পনা না করা হয়।

---

## বিন্দু সমন্বিত ও বিন্দুহীন দশমিক মুদ্রা উভয়ই আইনসঙ্গত মুদ্রা

ভারত সরকার নিম্নোক্ত প্রেসনোট প্রচার করিয়াছেন—

কয়েকটি দশমিক মুদ্রার বিপরীত পৃষ্ঠে নির্ম্মাণের বৎসরের নিম্নে একটি বিন্দু আছে এবং কয়েকটির ক্ষেত্রে উহা নাই। কোন কোন মহলে এইরূপ ধারণা হইয়াছে যে এই উভয় প্রকার মুদ্রার একটি জাল। এ সম্বন্ধে প্রকৃত তথ্য হইতেছে এই যে, বোম্বাইয়ে প্রস্তুত মুদ্রা এবং কলিকাতায় প্রস্তুত মুদ্রার মধ্যে পার্থক্য রাখার একটি প্রথা বহু বৎসর যাবৎ প্রচলিত আছে। বোম্বাইয়ের টাকশালে প্রস্তুত মুদ্রাগুলিতে বিন্দু আছে এবং কলিকাতার টাকশালে প্রস্তুত মুদ্রাগুলিতে উহা নাই। দশমিক মুদ্রা প্রবর্ত্তনের পূর্ব্বেও এই নিয়মই ছিল। দশমিক মুদ্রার অনুমোদিত নক্‌সায় বিন্দু থাকার অথবা না থাকার কোন উল্লেখ ছিল না। বিন্দু সম্বলিত বা বিন্দুহীন, উভয় প্রকারের মুদ্রার নক্‌সাই অনুমোদিত এবং উভয় মুদ্রাই আইনসঙ্গত। (প্রেসনোট)

---

## ভরতপুরে সমাজ-ঘর

কান্দি মহকুমার ভরতপুরে শীঘ্রই একটি সমাজ-ঘর নির্ম্মিত হইবে। এক যুবশিবিরের সদস্যগণ ইহার জন্য ইট তৈয়ার করিয়াছেন। সম্প্রতি কান্দির মহকুমা শাসক শ্রীকে, পি, ঘোষ বহু সংখ্যক স্থানীয় লোকের উপস্থিতিতে ভরতপুর সমষ্টি উন্নয়ন ব্লকের দ্বারা আয়োজিত এক যুবশিবিরের ৫০ জন বাসিন্দা কর্ত্তৃক নির্ম্মিত ৫০ হাজার ইঁটের একটি পাঁজায় অগ্নি সংযোগ করেন। মহকুমা শাসক, জেলা উন্নয়ন আধিকারিক, শ্রীবি, কে, বন্দ্যোপাধ্যায়, শ্রীজি, বি, ত্রিবেদী, এম, এল, এ, এবং অন্যান্য কতিপয় ব্যক্তি উপস্থিত জনগণকে সম্বোধন করিয়া ভাষণ দেন।

(বে-সরকারী নোট)

---

## দুর্ভিক্ষের আলোচনা

কিছুদিন পূর্ব্বে বহরমপুর কো-অপারেটিভ ব্যাঙ্ক ভবনে শ্রীত্রিদিব চৌধুরী এম-পি ও শ্রীনগেন্দ্রকুমার ভট্টাচার্য্য স্থানীয় সাংবাদিকদের সহিত মিলিত হইয়া জেলার দুর্ভিক্ষের কথা ও তাহার প্রতিরোধ-বিষয়ে আলোচনা করেন এবং নিম্নলিখিত দফাগুলির দাবী জানান।

(১) বাহির হইতে খাদ্য আমদানী করিয়া সরকারী বিক্রয়কেন্দ্র মাধ্যমে সস্তা দরে বিক্রয়।

(২) সর্ব্বত্র টেষ্ট রিলিফ চালু।

(৩) সাহায্য ও গৃহনির্ম্মাণ-ঋণদানে কার্য্যকরী সুপ্রয়োগ।

(৪) জমির খাজনা মকুব।

---

## বেলডাঙ্গা অঞ্চলে রাষ্ট্রদ্রোহী কার্য্য-কলাপের সন্ধান

কিছু দিন পূর্ব্বে বেলডাঙ্গা থানায় ঘোল্লা-মিল্কি অঞ্চলের একটি বাড়ীতে পাকীস্তানী পতাকা উত্তোলন সম্পর্কে অনুসন্ধান করিতে গিয়া পুলিশ রাষ্ট্রবিরোধী কার্য্যকলাপের সন্ধান আবিষ্কার করে। ১০।১২ জন মুসলমানের গৃহ তল্লাসী করিয়া তাজা কার্তুজ, প্রচারপত্র, রসিদ বহি, পাকীস্তানী পতাকা এবং ঢাকা মুস্লীম লীগের ও স্থানীয় মুসলমানদের মধ্যে লিখিত পত্রাদি পুলিশ সংগ্রহ করিয়াছে। এই ঘটনার সহিত সংশ্লিষ্ট পাঁচজনকে পুলিশ গ্রেপ্তার করিয়াছে। পুলিশ ব্যাপক তদন্ত চালাইতেছে।

---

## আমাদের নিবেদন

অনিবার্য্য কারণে গত ১৮ই বৈশাখ তারিখের "জঙ্গিপুর সংবাদ" প্রকাশিত হয় নাই। তজ্জন্য আমরা ত্রুটি স্বীকার করিতেছি।

সম্পাদক, জঙ্গিপুর সংবাদ

## দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি গঠনের জন্য আবেদন

সাধারণ মানুষের ক্রয়ক্ষমতা এবং খাদ্যবস্তুর দুষ্প্রাপ্যতা এবং মূল্যবৃদ্ধির কথা পাশাপাশি পর্য্যালোচনা করিলে আগামীদিনের এক ভয়াবহ রূপ আমাদের মনকে বিশেষভাবে আতঙ্কগ্রস্ত করিয়া তোলে। তাই একাধিকবার কাগজে আমাদের জেলার খাদ্যসমস্যা নিয়ে আলোচনা বের হয়েছে। দেশবরেণ্য ত্রিদিব বাবুর মুর্শিদাবাদ জেলার খাদ্য-সমস্যা বিষয়ক আলোচনা পড়েছি। আবার অন্যান্য পত্রিকাতেও এ বিষয়ে আলোচনা দেখেছি। তাহা ছাড়া ব্যক্তিগতভাবে বেশ কিছু গ্রাম আমারও ইতিমধ্যে ঘোরা হ'য়ে গেছে। ব্যক্তিগত অভিজ্ঞতার উপর দাঁড়িয়ে আমি এইটুকু সাহস ক'রে বলতে পারি যে, এখনই সঙ্ঘবদ্ধভাবে খাদ্যসমস্যাকে রুখবার প্রশস্ত সময়।

তাই জেলার এবং বিশেষ করে জঙ্গিপুর মহকুমার যাঁরা দেশকর্ম্মী ও দেশদরদী বলিয়া পরিচিত এবং যাঁরা জনপ্রতিনিধিত্বের দাবী লইয়া কিছুদিন আগেও আমাদের দুয়ারে দুয়ারে ভোট ভিক্ষা করিয়াছেন তাঁদের কাছে আমার অনুরোধ তাঁরা যেন এই বিষয়টি বিশেষভাবে পর্য্যালোচনা করেন এবং আগামী দুর্ভিক্ষের হাত হইতে জঙ্গিপুরের সাধারণ মানুষকে রক্ষা করার জন্য যেন এগিয়ে আসেন। দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটি গঠনের মাধ্যমে খাদ্যবস্তু সম্পর্কিত অভাব অভিযোগের কথা সরকারী কর্ত্তৃ-পক্ষের দৃষ্টিপথে আনিবার জন্য তাঁদের অনুরোধ জানাইতেছি।

ইতি—জিতেন সাহা ৭।৫।৫৭

---

## নোটীশ

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জানান যায় যে আগামী ১৯৫৭ সালের (সোমবার) ২৪।৬।৫৭ তারিখে বেলা দুই ঘটিকার সময় বহরমপুর কোর্টমালখানার বাজেয়াপ্ত বন্দুক প্রভৃতি প্রকাশ্য নীলামে বহরমপুর সদর মহকুমা ম্যাজিষ্ট্রেটের কোর্টে বিক্রয় করা হইবে।






## বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

# আমলা

কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

KA-18

---

## দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১৫

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

---

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অবাধ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

সোল এজেন্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

---

## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ

ঘড়ি, টর্চ, ফাউন্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত